

যুগান্তর

প্রিন্ট: ০২ সেপ্টেম্বর ২০২৫, ১০:০৫ এএম

শিক্ষাঙ্গন

সেই আলী হুসেন শিবিরের কেউ নন: ঢাবি শিবির



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০১ সেপ্টেম্বর ২০২৫, ১১:৫০ পিএম



এস এম ফরহাদের নেতৃত্বে ঢাবি শিবিরের একটি দল ইতোমধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর বরাবর একটি অভিযোগ পত্র দিয়েছেন। ছবি- সংগৃহীত

ডাকসু নির্বাচনে বাম জোট সমর্থিত ‘অপরাজেয় ৭১’ ও ‘অদম্য ২৪’-এর প্রার্থী বি এম ফাহিমদা আলমকে এক ফেসবুক পোস্টে গণধর্ষণের হুমকি দিয়েছেন ঢাবি শিক্ষার্থী আলী হুসেন। এরপর থেকেই সমালোচনার ঝড় বইছে চারিদিকে। এবার সেই শিক্ষার্থীর বিচার দাবি করেছে ইসলামী ছাত্রশিবির। সোমবার (১ সেপ্টেম্বর) রাতে সংবাদ সম্মেলনে তারা প্রক্টর বরাবর অভিযোগপত্র দেওয়ার কথা জানায়।

সংবাদ সম্মেলনে ছাত্রশিবির অভিযোগ করে, আলী হুসেনকে শিবির কর্মী বলে তাদের বিরুদ্ধে প্রপাগান্ডা ছড়ানো হচ্ছে। সংগঠনটির দাবি, তার সঙ্গে ছাত্রশিবিরের কোনো সম্পর্ক নেই। আলী হুসেন নিজেও ফেসবুক লাইভে এসে বলেছেন যে তিনি কোনো দলের সঙ্গে যুক্ত নন।

ঢাবি শিবিরের সভাপতি এস এম ফরহাদ বলেন, ‘যিনি ক্রাইম করেছেন তাকে শিবির নেতা বানানোর চেষ্টা করা হচ্ছে। অথচ আমরা এই ঘটনার পরপরই প্রশাসনকে কল করে অভিযুক্তের বিরুদ্ধে ব্যবস্থা নিতে বলেছি। এই রকম নারীর বিরুদ্ধে স্লাট-শেইমিং এবং নারী শিক্ষার্থীদের বিরুদ্ধে বাজে ভাষায় যে কালচার গড়ে উঠেছে সেটার বিরুদ্ধে আমাদের যুদ্ধ, লড়াই। এই লড়াইটা সমন্বিতভাবে হওয়ার দরকার ছিল।’

তিনি আরও বলেন, ‘মাগরিবের পর থেকে সংঘবদ্ধ সিভিকেট সামাজিক যোগাযোগমাধ্যমে শিবিরের বিরুদ্ধে প্রচারণা চালাচ্ছে। সেটির বিরুদ্ধে আমাদের অবস্থান ক্লিয়ার করার জন্য প্রক্টর স্যার বরাবর একটি অভিযোগপত্র দেবো।’

ছাত্রশিবির সমর্থিত ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের সাধারণ সম্পাদক (জিএস) পদপ্রার্থী এস এম ফরহাদের নেতৃত্বে ঢাবি শিবিরের একটি দল ইতোমধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর বরাবর একটি অভিযোগপত্র দিয়েছেন।